


নিয়োগ বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের চিকিৎসা সেবা চালিয়ে নেয়ার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (চুক্তি ভিত্তিক) নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম (বেতন-সর্বসাকুল্যে)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ও বয়স
১.	মেডিকেল অফিসার (৩৩,৭০০/-)	৪টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস. ডিগ্রিধারী হতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বৎসর।
২.	নার্স (১৯,৬২৫/-)	২টি	(ক) সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে নার্সিং এ ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। (খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স সর্বোচ্চ ৩০ বৎসর।
৩.	ওয়ার্ড বয় (১৩,৪৬৩/-)	২টি	এস.এস.সি. পাস হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স সর্বোচ্চ ৩০ বৎসর।

শর্তাবলী :

- আবেদন পত্রে প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজীতে), পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা (ফোন / মোবাইল নংসহ), জন্ম তারিখ, ১০/০২/২০২২ খ্রী. তারিখে প্রার্থীর বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, সংরক্ষিত কোটা, অভিজ্ঞতা উল্লেখ পূর্বক প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্র (সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট) জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করে মোট ৮ (আট) সেট (মূলকপি ১ সেট এবং মূলকপির ফটোকপি ৭ সেট) আবেদন পত্র জমা দিতে হবে। আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম ও সংরক্ষিত কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- প্রত্যেকটি আবেদনপত্রের সাথে 'রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর' এর বরাবরে ৫০০/- (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (রূপালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে) সংযোজন করতে হবে।
- বর্ণিত পদের প্রার্থীদেরকে লিখিত / সাক্ষাৎকার নির্বাচনী পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরবর্তীতে পত্রের মাধ্যমে জানানো হবে।
- চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্র আগামী ১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রী. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) অবশ্যই ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে অথবা ব্যক্তিগত ভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।
- অসত্য তথ্য সম্বলিত/ ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ের উপর জ্ঞান, মেধা, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি গুণগত মান যথাযথ বিবেচনা করা হবে।
- কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবেনা। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স শিথিলযোগ্য।
- মুক্তিযোদ্ধাসহ সরকারী বিধি মোতাবেক অন্যান্য সকল কোটা সংরক্ষিত থাকবে। এই ক্ষেত্রে আবেদনে কোটা উল্লেখসহ প্রয়োজনীয় প্রমাণ পত্র সংযুক্ত করতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ ও ডিএ প্রদান করা হবেনা।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে পদের সংখ্যা বাড়ানো / কমানোসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণপূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- শ্রেণি পদ্ধতির জন্য সব ক্ষেত্রে সিজিপিএ ৫.০০ এর মধ্যে কম পক্ষে ৪.০০ এবং সিজিপিএ ৪.০০ এর মধ্যে কম পক্ষে ৩.৫০ প্রথম শ্রেণী হিসেবে বিবেচিত হবে।


(বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা. মো. ফজলুল হক)
রেজিস্ট্রার (অ.দা.)